বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০২৮.১৯-৭৩৯

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৬ / ০৪ ডিসেম্বর ২০১৯

**বিষয়: বগুড়া জেলাধীন সারিয়াকান্দি এবং চট্টগ্রাম জেলাধীন রাঙ্গুনিয়া উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান পদে উপনির্বাচন অনুষ্ঠান**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ধারা ১৭(ক) ও ১৭(খ) এবং উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ এর উপবিধি (৩) অনুযায়ী বগুড়া জেলাধীন সারিয়াকান্দি উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান পদে এবং চট্টগ্রাম জেলাধীন রাঙ্গুনিয়া উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান পদে উপনির্বাচন অনুষ্ঠানের জন্য **১৫ জানুয়ারি ২০২০** তারিখে ভোটগ্রহণের দিন ধার্য করা হয়েছে।

০২। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ ও উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধান অনুসরণপূর্বক পঞ্চম উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে ও পরবর্তীতে সময়ে সময়ে জারিকৃত নির্দেশনা অনুসারে উল্লিখিত নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করার জন্য মাননীয় নির্বাচন কমিশন নির্দেশ প্রদান করেছেন। এ লক্ষ্যে ইতোপূর্বে উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে জারিকৃত পরিপত্র ১-১১, বিশেষ পরিপত্র এবং অন্যান্য পত্রের নির্দেশনা অনুসারে করতে হবে। উল্লেখ্য যে, ২১ ডিসেম্বর ২০১৬ তারিখে উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর সংশোধনী প্রজ্ঞাপন আকারে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে। সংশোধিত বিধিমালা অনুসারে উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান পদে প্রতিদ্বন্দ্বিতার জন্য নির্বাচন কমিশনের সাথে নিবন্ধিত রাজনৈতিক দলের মনোনয়ন অথবা স্বতন্ত্র প্রার্থী হতে হবে। উপজেলা পরিষদ নির্বাচন আচরণ বিধিমালা, ২০১৩ এর কপি প্রত্যেক প্রার্থীকে প্রদানের জন্যও অনুরোধ করা হলো।

০৩। উল্লেখ্য যে, উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৮ অনুযায়ী জেলা প্রশাসক, বগুড়া এবং জেলা প্রশাসক, চট্টগ্রামকে সংশ্লিষ্ট উপজেলার জন্য আপিল কর্তৃপক্ষ হিসেবে নিয়োগ দেয়া হয়েছে।

০৪। উল্লিখিত উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান এর শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ এর উপবিধি (৩) অনুসারে **১৫ জানুয়ারি ২০১৯ তারিখে** ভোটগ্রহণের জন্য দিন ধার্যকরতঃ একটি বিজ্ঞপ্তি জারি ও অন্যান্য ব্যবস্থা গ্রহণ করবেন।

০৫। মনোনয়নপত্র দাখিল, বাছাই, আপিল দায়ের, প্রার্থিতা প্রত্যাহার ইত্যাদি কার্যক্রম অফিস চলাকালীন এবং বন্ধের দিন হলে সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি. এর মধ্যে সীমাবদ্ধ রাখার জন্য মাননীয় নির্বাচন কমিশন নির্দেশনা প্রদান করেছেন।

০৬। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর সংশ্লিষ্ট বিধান এবং উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৫ এর উপবিধি (৩) এর দফা (গ) এর উপদফা (ইই) অনুসারে চেয়ারম্যান পদে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক প্রার্থী মনোনয়নের সুবিধার্থে সময়সূচির বিজ্ঞপ্তি প্রচারের পর পর নিবন্ধিত সকল রাজনৈতিক দলকে পত্রের মাধ্যমে রিটার্নিং অফিসার অবহিত করবেন।

০৭। উল্লিখিত নির্বাচন সর্বশেষ হালনাগাদকৃত চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী নির্বাচন সম্পন্ন করতে হবে।

০৮। ২০ ডিসেম্বর ২০১৯ তারিখের মধ্যে ভোটকেন্দ্রের নীতিমালা অনুসারে ভোটকেন্দ্রের তালিকা প্রণয়ন করে বিশেষদূত মারফত প্রেরণ করতে হবে।

০৯। বর্ণিতাবস্থায়, সংশ্লিষ্ট আইন ও বিধিমালা অনুসরণপূর্বক ইতোপূর্বের জারিকৃত আদেশ ও নির্দেশনা অনুসারে বর্ণিত উপজেলা পরিষদের শূন্য মহিলা ভাইস চেয়ারম্যান পদে উপনির্বাচন অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার, বগুড়া/চট্টগ্রাম
ও
রিটার্নিং অফিসার

চট্টগ্রাম জেলাধীন রাঙ্গুনিয়া উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান এবং বগুড়া জেলাধীন সারিয়াকান্দি উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যানের শূন্য পদে উপনির্বাচনের উপস্থাপিত সময়সূচী:

| | | | |
|---|---|---|---|
| রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র/অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ১৭ ডিসেম্বর ২০১৯<br>০২ পৌষ ১৪২৬ | বৃহস্পতিবার |
| রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ১৮ ডিসেম্বর ২০১৯<br>০৩ পৌষ ১৪২৬ | রবিবার |
| প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ২৬ ডিসেম্বর ২০১৯<br>১১ পৌষ ১৪২৬ | রবিবার |
| **ভোটগ্রহণের তারিখ** | : | **১৫ জানুয়ারি ২০২০**<br>**০১ মাঘ১৪২৬** | **সোমবার** |
| **ভোটগ্রহণের সময়: সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত** | | | |

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০২৮.১৯-৭৪০ তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৬ / ০৪ ডিসেম্বর ২০১৯

## বিজ্ঞপ্তি

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০২৮.১৯-৭৪০।- উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৮ অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা বগুড়া জেলাধীন সারিয়াকান্দি এবং চট্টগ্রাম জেলাধীন রাঙ্গুনিয়া উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন পরিচালনার উদ্দেশ্যে নিম্নরূপভাবে রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করিতেছেন :

| জেলা | উপজেলা পরিষদ | রিটার্নিং অফিসার | সহকারী রিটার্নিং অফিসার |
|---|---|---|---|
| বগুড়া | সারিয়াকান্দি | অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার, বগুড়া | উপজেলা নির্বাচন অফিসার, সারিয়াকান্দি, বগুড়া |
| চট্টগ্রাম | রাঙ্গুনিয়া | অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার, চট্টগ্রাম | উপজেলা নির্বাচন অফিসার, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

৪/১২/১৯

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: sasemc1@gmail.com

প্রাপক:
উপ পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)
তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং গেজেট বিজ্ঞপ্তির ১০০ (একশত) কপি সরকারি কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০২৮.১৯-৭৪০ তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৬ / ০৪ ডিসেম্বর ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৩. সিনিয়র সচিব, ...... .......... ......... ........ ........ ......... ...... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. সচিব, ...... .......... ......... ........ ........ ......... ....... .......... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৭. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, রাজশাহী/চট্টগ্রাম বিভাগ



অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭
যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

১১. উপমহাপুলিশ পরিদর্শক, রাজশাহী/চট্টগ্রাম রেঞ্জ
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (সিআইবি), বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার অনুরোধসহ]
১৭. জেলা প্রশাসক, বগুড়া/চট্টগ্রাম ও আপিল কর্তৃপক্ষ
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী/চট্টগ্রাম অঞ্চল
১৯. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. পুলিশ সুপার, বগুড়া/চট্টগ্রাম
২১. সিস্টেম এ্যানালিস্ট, ..... ....... ...... ........ (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২২. সিনিয়র/জেলা নির্বাচন অফিসার, বগুড়া/চট্টগ্রাম
২৩. অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার, বগুড়া/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
২৪. উপজেলা নির্বাহী অফিসার, সারিয়াকান্দি, বগুড়া/রাঙ্গুনিয়া, চট্টগ্রাম
২৫. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, বগুড়া/চট্টগ্রাম
২৬. জেলা তথ্য অফিসার, বগুড়া/চট্টগ্রাম
২৭. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ....... ....... ....... ....... ....... ...... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩০. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ..... ....... ...... ........ (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩১. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, ..... ....... ...... ........ (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩২. উপজেলা নির্বাচন অফিসার, সারিয়াকান্দি, বগুড়া/রাঙ্গুনিয়া, চট্টগ্রাম ও সহকারী রিটার্নিং অফিসার
৩৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ...... ...... ....... ....... (সংশ্লিষ্ট)।

০৪/১২/১৯

( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়- শাখা ২
ফোন: ৫৫০০৭৫৫৯ (অফিস)।